

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি)

৭-৯ কাওরান বাজার, ঢাকা।

সূত্রঃ-২৪.০৩.০০০০.১০৩.৬০.১১০.১৫

তারিখঃ-১০/১২/২০১৮খ্রিঃ

বিটিএমসি'র ইনোভেশন টিমের ডিসেম্বর/২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী

১.০০ বিটিএমসি'র ইনোভেশন (Innovation) টিমের ডিসেম্বর'২০১৮ মাসের মাসিক সভা ০৪/১২/২০১৮খ্রিঃ তারিখে জনাব মোঃ গোলাম ফয়সাল, প্রধান নিরীক্ষক ও ইনোভেশন ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, বিটিএমসি এর সভাপতিত্বে তাঁর দপ্তরে সকাল ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের সদস্যগণ উপস্থিত ছিলেন (তালিকা সংযুক্তি-১)। সভায় বিগত নভেম্বর'২০১৮ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। পাঠান্তে কোন সংশোধন/ সংযোজন না থাকায় কার্যবিবরণী দৃষ্টীকরণ করা হয়।

২.০০ সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় কমিটির সদস্য-সচিব অবহিত করেন। অতঃপর সভায় মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-২১৫, তাং-২৯/১১/২০১৮ খ্রিঃ ও বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং-১৭৪, তাং-০৩/১২/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে দপ্তর/সংস্থার উদ্ভাবন কার্যক্রমের তথ্য নির্ধারিত ছক মোতাবেক আগামী ০৬/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ১২ ডিসেম্বর, ২০১৮ "ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮" উদযাপন উপলক্ষে বিটিএমসি'র উদ্ভাবনী কার্যক্রমের বহর ভিত্তিক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা করা হয় যা নিম্নরূপঃ

ক্রঃ নং	উদ্ভাবনের নাম	বিস্তারিত বিবরণ
১	২	৩
(ক)	সালঃ ২০১৮-২০১৯:	
১.	বিটিএমসি'র প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা Online System এ প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়, যা সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে বেতন-ভাতাদি জমা ও হালনাগাদ জমার পরিমাণ নিশ্চিত করা হয়।	বিটিএমসি'র প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা Online System এ প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়, যা সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে বেতন-ভাতাদি জমা ও হালনাগাদ জমার পরিমাণ নিশ্চিত করা হয়।
২.	বিটিএমসি'র প্রধান কার্যালয়ের বিভিন্ন নোটিশ, অফিস আদেশ, নির্দেশ ইত্যাদি এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে প্রেরণ।	বিটিএমসি'র প্রধান কার্যালয়ের বিভিন্ন নোটিশ, অফিস আদেশ, নির্দেশ ইত্যাদি এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে দ্রুত সংশ্লিষ্ট সকলকে (মিলসহ) অবহিত করা হয়।
৩.	বিটিএমসি প্রধান কার্যালয়ের একটি Accounting Software উন্নয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম (SIP)	বিটিএমসি প্রধান কার্যালয়ের Accounting Software এর মাধ্যমে বেতন-ভাতা, পিএফ, ষ্টোর ও হিসাব সংক্রান্ত সকল কার্যক্রম সমন্বিত পদ্ধতিতে সম্পন্ন করা।

ক্রঃ নং	উদ্ভাবনের নাম	বিস্তারিত বিবরণ
১	২	৩
৪.	বিটিএমসি'র প্রধান কার্যালয় ও মিলসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি ও সকল প্রকার আবেদন Online / ই-মেইল এর মাধ্যমে আদান-প্রদান ও নিষ্পত্তির করা।	Online সেবার আওতায় বিটিএমসি'র প্রধান কার্যালয় ও মিলসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি ও সকল প্রকার আবেদন Online / ই-মেইল এর মাধ্যমে আদান-প্রদান ও নিষ্পত্তির কার্যক্রম করা।
(খ)	সালঃ ২০১৭-২০১৮:	
১.	অন-লাইনে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি ও অবসর গ্রহনকৃত কর্মকর্তা/ কর্মচারীদের ছাড়পত্র আদান-প্রদান।	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি দ্রুতায়ন ও অবসর গ্রহনকৃত কর্মকর্তা/কর্মচারীদের ছুড়ান্ত পাওনা পরিশোধের সহজীকরণের জন্য আপত্তির জবাব/ ছাড়পত্র অনলাইনে আদান- প্রদান।
২.	সুপেয় পানির ব্যবস্থা, টয়লেটসমূহ পরিষ্কার রাখা, হ্যান্ড ওয়াশ, সাবান, টিসু পেপার ও তোয়ালের ব্যবস্থা করা	বিটিএমসির কর্মকর্তা-কর্মচারী ও আগত দর্শনার্থীদের সেবার জন্য সুপেয় পানির ব্যবস্থা ,টয়লেটসমূহ নিয়মিত পরিষ্কার রাখা, হ্যান্ড ওয়াশ, সাবান, টিসু পেপার ও তোয়ালে ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে।
৩.	বিটিএমসি ভবনের মূলগেটের সৌন্দর্য্য বর্ধন।	বিটিএমসি ভবনের মূলগেটের সৌন্দর্য্য বর্ধন করা হয়েছে।
(গ)	সালঃ ২০১৬-২০১৭:	
১.	ফিংগার প্রিন্ট হাজিরা	বিটিএমসি'র কর্মকর্তা/ কর্মচারীদের ফিংগার প্রিন্ট এর মাধ্যমে হাজিরা গ্রহণ করা হয়।
(ঘ)	সালঃ ২০১৫-২০১৬:	
১.	বিটিএমসি'র পরীক্ষাগারে কাঁচাতুলা ও সুতা পরীক্ষার ফলাফল অনলাইনে প্রদান।	বিটিএমসি'র পরীক্ষাগারে কাঁচাতুলা ও সুতা পরীক্ষার ফলাফল সেবা গ্রহণকারীদের অনলাইনে প্রদান।
২.	কার পার্কিং ভবন নির্মান ও সেবা প্রদান	কাওরানবাজার একটি ব্যস্ততম (সরকারী/বেসরকারী অফিস ও বানিজ্যিক এলাকা) এলাকায় গাড়ী পার্কিংজনিত যানজট সমস্যা নিরসন ও সেবা প্রদানের লক্ষ্যে বিটিএমসি ভবন সংলগ্ন চারতলা বিশিষ্ট একটি কার পার্কিংভবন নির্মান করা হয়েছে।

৪.০০ সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১০/১২/২০১৮ খ্রিঃ

(মোঃ গোলাম ফয়সাল)

প্রধান নিরীক্ষক

ও

ইনোভেশন কর্মকর্তা/ফোকাল পয়েন্ট,বিটিএমসি
faisalmd.golam@yahoo.com